বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

তেজগাঁও, ঢাকা-১২০৮

Website: www.butex.edu.bd

ভর্তি বিজ্ঞপ্তি, শিক্ষাবর্ষঃ ২০২০-২০২১

বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন অনুষদে নিম্নবর্ণিত বিভাগসমূহে ৪ (চার) বছর মেয়াদী বি. এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ২০২০-২০২১ শিক্ষাবর্ষে লেভেল-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে। বিভাগ অনুযায়ী আসন সংখ্যা, আবেদনের তারিখ, প্রবেশপত্র সংগ্রহের (Download) তারিখ, ভর্তি পরীক্ষা ও ফলাফল প্রকাশের তারিখ এবং নিয়মাবলী নিম্নরুপঃ

বিভাগ	আসন সংখ্যা	আবেদনের সময়সীমা	প্রবেশপত্র সংগ্রহের তারিখ	ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	ফলাফল প্রকাশের সর্বশেষ তারিখ
(১) ইয়ার্ণ ইঞ্জিনিয়ারিং	৮০	০৫/০৪/২১ তারিখ সকাল ১০:০০ টা হতে ০৮/০৫/২১ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত	২৪/০৫/২১ হতে ০৬/০৬/২১	১৮/০৬/২১ তারিখ, শুক্রবার সকাল ৯:৩০ টা হতে ১১:৩০ টা পর্যন্ত	০৮/০৭/২১
(২) ফেব্রিক ইঞ্জিনিয়ারিং	৮০				
(৩) ওয়েট প্রসেস ইঞ্জিনিয়ারিং	৮০				
(৪) এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং	৮০				
(৫) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ম্যানেজমেন্ট	৮০				
(৬) টেক্সটাইল ফ্যাশন এন্ড ডিজাইন	৪০				
(৭) ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং	৪০				
(৮) টেক্সটাইল মেশিনারী ডিজাইন এন্ড মেইনটেনেন্স	৪০				
(৯) ডাইজ এন্ড কেমিক্যালস ইঞ্জিনিয়ারিং	৪০				
(১০) এনভায়রনমেন্টাল সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৪০				
সর্বমোট আসন সংখ্যা	৬০০				

আবেদন ফি ঃ

আবেদনকারী ২০০ (দুইশত) টাকা ফি প্রদান করে আবেদন করতে পারবে এবং লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের ৮০০ (আটশত) টাকা প্রদান করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

ফলাফল প্রকাশ ঃ

ভর্তি পরীক্ষার ফলাফল অত্র বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড এবং ওয়েব সাইটে (www.butex.edu.bd) প্রকাশ করা হবে।

ভর্তি পরীক্ষায় অংশ গ্রহনের ন্যূনতম যোগ্যতা ঃ

১। আবেদনকারীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশী হতে হবে।

২। আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.৫০ পেয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/দাখিল/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

৩। ২০২০ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে এইচ. এস. সি. কিংবা উহার সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে কমপক্ষে জিপিএ ৪.৫০ সহ গণিত, পদার্থ, রসায়ন ও ইংরেজি বিষয়ে আলাদা ভাবে ন্যূনতম গ্রেড পয়েন্ট ৪.০০ সহ সর্বমোট কমপক্ষে ১৯.০০ গ্রেড পয়েন্ট পেতে হবে।

৪। গণিত, পদার্থ, রসায়ন এবং ইংরেজি বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট জিপি এর উপর ভিত্তি করে মেধার ভিত্তিতে লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের জন্য ৯,০০০ (নয় হাজার) জনের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং একই সাথে SMS এর মাধ্যমে জানানো হবে। লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশের তারিখ ২৩/০৫/২১।

৫। GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করা শিক্ষার্থীদের ক্ষেত্রে GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে গড়ে 'B' এবং নভেম্বর ২০১৯ থেকে অক্টোবর ২০২০ এর মধ্যে GCE 'A' লেভেল পরীক্ষায় Physics, Chemistry ও Mathematics এ গড়ে 'B' গ্রেড পেয়ে পাশ করতে হবে। কোন বিষয়ে 'D' গ্রেড গ্রহণযোগ্য হবে না। Equivalence Certificate প্রাপ্তির জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা অর্থ ও হিসাব দপ্তরে নগদ প্রদানপূর্বক 'O'লেভেল এবং 'A'লেভেল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবরে ২২/০৪/২১ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

SMS পদ্ধতিতে মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া ঃ

১। ভর্তি পরীক্ষার আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে BUT<স্পেস>HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>HSC পাসের সাল <স্পেস>SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস>SSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>SSC পাশের সাল লিখে 16222 নম্বরে SMS করতে হবে।

উদাহরণ ঃ BUT DHA 123456 2020 DHA 654321 2018 দিতে হবে। উদাহরণটি ঢাকা বোর্ডের জন্য। এখানে 123456 এর জায়গায় HSC, 654321 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর হবে।

২। বিভিন্ন বোর্ডের জন্য লিখতে হবে ঢাকা (DHA), রাজশাহী (RAJ), চট্টগ্রাম (CHA), দিনাজপুর (DIN), সিলেট (SYL), যশোর (JAS), কুমিল্লা (CUM), বরিশাল (BAR), ময়মনসিংহ (MYM), মাদ্রাসা (MAD), কারিগরি (TEC অথবা VOC), English Medium (GCE)।

৩। উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার আবেদনের ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BUT <স্পেস>YES<স্পেস>PIN নম্বর<স্পেস>আবেদনকারীর মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন যে কোনো অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে। উদাহরণ ঃ BUT YES 87654321 01XXXXXXXXX

এই উদাহরণের 87654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার আবেদনের ফি ২০০/- (দুই শত) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না। ভর্তি পরীক্ষার আবেদন ফি ২০০/- (দুই শত) টাকা জমাদানের সর্বশেষ সময় ০৮/০৫/২১ তারিখ রাত ১১:৫৯।

৪। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার আবেদনের নির্দিষ্ট ফি কেটে নিয়ে SMS এর মাধ্যমে সাথে সাথেই Confirmation Reply জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না। Confirmation Reply টি হবে এরকম ঃ Congrats! Application fee received for BUTEX admission:2020 receipt id XXXXXXXX. Eligible list of written test will be notified by SMS & published at www.butex.edu.bd

৫। লিখিত পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশের তারিখ ২৩/০৫/২১। গণিত, পদার্থ, রসায়ন এবং ইংরেজি বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত মোট গ্রেড পয়েন্ট এর উপর ভিত্তি করে মেধার ভিত্তিতে লিখিত পরীক্ষায় অংশ গ্রহনের জন্য ৯,০০০ (নয় হাজার) জনের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে ম্যাসেজ অপশনে গিয়ে BUT<স্পেস>HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>HSC পাসের সাল <স্পেস>SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস>SSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>SSC পাশের সাল লিখে 16222 নম্বরে SMS করতে হবে।
উদাহরণ ঃ BUT DHA 123456 2020 DHA 654321 2018 দিতে হবে। উদাহরণটি ঢাকা বোর্ডের জন্য। এখানে 123456 এর জায়গায় HSC, 654321 এর জায়গায় SSC পরীক্ষার রোল নম্বর হবে।

উপরের SMS টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি SMS এ আবেদনকারীর নাম, ভর্তি পরীক্ষার ফি ও একটি PIN নম্বর জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন 16222 নম্বরে আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে BUT <স্পেস>YES<স্পেস>PIN নম্বর<স্পেস>আবেদনকারীর মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। এখানে মোবাইল নম্বরের জায়গায় আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য নিজে ব্যবহার করতে পারে এমন যে কোনো অপারেটরের একটি মোবাইল নম্বর লিখতে হবে। উদাহরণ ঃ BUT YES 87654321 01XXXXXXXXX

এই উদাহরণের 87654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN নম্বরটি বসাতে হবে। উল্লেখ্য, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফি ৮০০/- (আট শত) টাকা কেটে নেওয়া হবে, অন্যথায় কোন ফি কাটা হবে না। ভর্তি পরীক্ষার ফি ৮০০/- (আট শত) টাকা জমাদানের সর্বশেষ সময় ০৬/০৬/২১ তারিখ রাত ১১:৫৯।

কোটায় আবেদনকারীর প্রতি নির্দেশাবলী ঃ

কোটায় ভর্তিচ্ছু আবেদনকারীর ক্ষেত্রে নির্দিষ্ট কোটায় আবেদন করতে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে। নির্দিষ্ট কোটাসমূহ মুক্তিযোদ্ধা কোটা (FFQ) এবং উপজাতীয় কোটা (TQ)।
উদাহরণঃ BUT DHA 123456 2020 DHA 654321 2018 FFQ উদাহরণটি ঢাকা বোর্ড ও মুক্তিযোদ্ধা কোটার (FFQ) জন্য।

৬। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নিয়ে SMS এর মাধ্যমে সাথে সাথেই User ID ও Password জানিয়ে দেয়া হবে। একবার SMS করে আবেদন করলে তা আর প্রত্যাহার করা যাবে না। Confirmation Reply টি হবে এরকম ঃ Congrats! Examination fee received for BUTEX admission:2020 receipt id XXXXXXXX, User ID: 87654321, Password: abcdef. For admit card, please visit: http://but.teletalk.com.bd (User ID, Password আলাদা কাগজে লিখে সংরক্ষণ করতে হবে)।

৭। কোন কারনে User ID, Password হারালে শুধুমাত্র টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে নিম্নোক্ত উপায়ে তা পাওয়া যাবে ঃ

(ক) User ID জানা থাকলে BUT<স্পেস> HELP <স্পেস> USER<স্পেস> User ID লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ Password জানা যাবে। উদাহরণঃ BUT HELP USER 87654321

(খ) User ID, Password দুটিই হারালে BUT <স্পেস> HELP <স্পেস> PIN <স্পেস> PIN নম্বর লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password জানা যাবে। উদাহরণঃ BUT HELP PIN 87654321

(গ) User ID, Password ও PIN নম্বর হারালে BUT <স্পেস> HELP <স্পেস> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর <স্পেস>HSC পরীক্ষার রোল নম্বর <স্পেস>HSC পাসের সাল লিখে 16222 নম্বরে SMS পাঠাতে হবে। ফিরতি SMS এ User ID, Password ও PIN জানা যাবে। উদাহরণঃ BUT HELP DHA 123456 2020

৮। 'O'/'A' লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে নিম্নোক্ত উদাহরণ অনুযায়ী 16222 নম্বরে SMS করতে হবে।
উদাহরণঃ BUT GCE 123456 2018 এখানে 123456 এর জায়গায় আবেদনকারীকে বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত Equivalence Certificate এর Candidate নম্বরটি দিতে হবে।

প্রবেশপত্র গ্রহন ঃ

আবেদনকারী ভর্তি পরীক্ষার ফি ৮০০/- (আট শত) টাকা জমাদানের পর প্রবেশ পত্র প্রাপ্তির জন্য http://but.teletalk.com.bd এ ব্রাউজ করতে হবে। BUT এডমিশন অপশনে ক্লিক করে স্ব স্ব User ID ও Password দিয়ে লগ ইন করলে আবেদনকারীর তথ্য প্রদর্শিত হবে এবং ছবি ও স্বাক্ষর আপলোড এর অপশন পাওয়া যাবে। নির্ভুল সাবমিট করলে আবেদনকারী তাৎক্ষণিকভাবে ভর্তি পরীক্ষার রোল নম্বর, ছবি ও স্বাক্ষর সম্বলিত প্রবেশপত্র ডাউনলোড করতে পারবে। ডাউনলোডকৃত প্রবেশপত্র রঙ্গিন প্রিন্ট করতে হবে। প্রবেশপত্র সংগ্রহের তারিখ **২৪/০৫/২১ হতে ০৬/০৬/২১**।

Photo এবং Signature upload :

Photo (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 300 pixel এবং এই ছবির ফাইল সাইজ 100KB এর বেশী বাঞ্ছনীয় নয়। সাদা কালো ছবি গ্রহণযোগ্য নয়। Signature এর ক্ষেত্রে (দৈর্ঘ্য × প্রস্থ) 300 × 80 pixel এবং এই ছবির ফাইল সাইজ 60KB এর বেশী বাঞ্ছনীয় নয়।

পরীক্ষার বিষয়সমূহ ও নম্বর ঃ

গণিত- ৬০, পদার্থ- ৬০, রসায়ন- ৬০ এবং ইংরেজি- ২০; মোট ২০০ নম্বর।

ভর্তি পরীক্ষা নিম্নবর্ণিত নিয়মাবলী অনুযায়ী অনুষ্ঠিত হবে ঃ

১। ভর্তি পরীক্ষা ২০২০ সালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার সিলেবাস অনুযায়ী লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।
২। কোন বিষয়ে এমসিকিউ টাইপ প্রশ্ন থাকবে না।
৩। প্রশ্ন বাংলা এবং ইংরেজি উভয় ভার্সনে থাকবে।
৪। ভর্তি পরীক্ষার সময় কোন ধরনের প্রোগ্রামেবল ক্যালকুলেটর এবং ইলেকট্রনিক্স সীম/ডিভাইস যুক্ত ঘড়ি, কলম, মোবাইল বা অন্যান্য উপকরণ সংগে রাখা ও ব্যবহার করা যাবে না। তবে সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।
৫। কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী নির্বাচন ঃ

ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা প্রণয়ন করা হবে। লিখিত পরীক্ষায় ৪০% এর নীচে নম্বর প্রাপ্তদের (সব ধরনের কোটাসহ সকলের জন্য প্রযোজ্য) মেধা তালিকা প্রকাশ করা হবে না। তবে সর্বোচ্চ ৩০০০ জনের তালিকা প্রকাশ করা হবে। ভর্তি কমিটি বাস্তব প্রয়োজনে নির্ধারিত ৪০% নম্বর পরিবর্তন করতে পারবে।

বিভাগ নির্বাচন ঃ

প্রার্থীর মেধাক্রম ও পছন্দ অনুযায়ী সাক্ষাৎকারের মাধ্যমে বিভাগ নির্ধারণ করা হবে।

সংরক্ষিত আসন ঃ

মুক্তিযোদ্ধা কোটায় প্রতি বিভাগে মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ১ জন করে সর্বমোট ১০ জন এবং উপজাতীয় কোটায় মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ২টি আসন সংরক্ষিত থাকবে। সংরক্ষিত আসনের জন্য SMS এর মাধ্যমে আবেদন করার সময় নিজ নিজ কোটার অপশন উল্লেখ করতে হবে। সংরক্ষিত আসনের জন্য ভর্তি পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে ভর্তির সময় অবশ্যই উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে উপজাতী মর্মে প্রত্যয়ণ পত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেট দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদেরও ভর্তি পরীক্ষায় যথারীতি অংশগ্রহন করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে।

বিশেষ নির্দেশাবলীঃ

১। ভর্তি পরীক্ষার দিন রঙ্গিন প্রিন্ট করা ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার রেজিষ্ট্রেশন কার্ডের মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে। ভর্তি পরীক্ষার সময় আবেদনকারীর এইচ.এস.সি বা সমমানের পরীক্ষার মূল রেজিষ্ট্রেশন কার্ড এবং আবেদন পত্রের সাথে ছবি মিলিয়ে পরীক্ষার্থীকে সনাক্ত করা হবে। কোন রকম অসামঞ্জস্যতা দেখা গেলে পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিল করা হবে।
২। ভর্তি সংক্রান্ত কারিগরি সহায়তার জন্য যেকোন টেলিটক নম্বর হতে ১২১ অথবা অন্য যেকোন অপারেটর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে রাত দিন ২৪ ঘণ্টা ফোন করে জানা যাবে।
৩। ভর্তি সংক্রান্ত যেকোন তথ্য অফিস চলাকালীন ০১৫৫৪-৯২৬২২০ নম্বরে ফোন করে জানা যাবে।
৪। ভর্তি সংক্রান্ত যেকোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭/০৪/২০২১
(অধ্যাপক ড. শাহ্ আলিমুজ্জামান)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)